



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ২৭, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহানগর দায়রা জজ এবং  
মহানগর সিনিয়র স্পেশাল জজ,  
চট্টগ্রাম।

**বিজ্ঞপ্তি**

যেহেতু, নিম্ন তপশিলে উল্লিখিত মামলার আসামির বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা ইস্যু হয় কিন্তু তাহাকে না পাওয়ায় উহা জারি করা সম্ভব হয় নাই এবং যেহেতু ১৯৯৮ সালের ফৌজদারি কার্যবিধি আইনের ৮৭ ও ৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামির বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং আদালতের বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, এই আদালতে বিচারার্থে উক্ত আসামি গ্রেফতার এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং যেহেতু উক্ত আসামিকে শীঘ্রই গ্রেপ্তার করিবার আশু কোনো সম্ভাবনা নাই সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল “ল” এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬(১ক) ধারার বিধানমতে নিম্ন তপশিলে বর্ণিত আসামির নামের পার্শ্বে লিখিত মামলার বিচারের জন্য অত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে অত্র আদালতে হাজির হইবেন। অন্যথায় তাহার অনুপস্থিতিতে বিচার কার্য সম্পন্ন করা হইবে।

**তপশিল**

ক্র: নং	মামলা নং	আসামির নাম, ঠিকানা	ধারা	পরবর্তী তারিখ
০১	স্পেশাল মামলা নং- ৪২/২০২২ দুদক মামলা নং- ৩৫(৫)২০২২, এ.সি.সি.জি.আর- ৩৫/২০২২।	১। তাহেরা কবির, স্বামী-জনাব আবুল ফজল কবির আহমেদ (মানিক), ২৩৪, সামছি কলোনী, লালখান বাজার, দামপাড়া, খুলশী, চট্টগ্রাম। স্থায়ী ঠিকানা: গ্রাম-মাদামপুর, দত্তপাড়া, থানা-চাটখিল, জেলা-নোয়াখালী।	ধারা-দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৬(২) (নন- সাবমিশন)	১৩-০৬-২০২৪ খ্রিঃ

**বেগম জেবুননেছা**

মহানগর দায়রা জজ এবং  
মহানগর সিনিয়র স্পেশাল জজ,  
চট্টগ্রাম।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ১৮০২১ )

মূল্য : টাকা ৪.০০